**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date: 13-10-2025**
**Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে।

# সেইসঙ্গেই জারি হয়েছে সাতটি রাজ্যের আটটি বিধানসভা আসনের উপনির্বাচনের বিজ্ঞপ্তি'ও।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে বিশ্বের অগ্রগতির চালিকাশক্তিতে পরিণত করতে ডিজিটাল উদ্ভাবন এবং দেশের যুবশক্তির ভূমিকাকে আজ তুলে ধরেছেন।

৩/ IRCTC কেলেঙ্কারি মামলায় দিল্লির রাউস অ্যাভেনিউ আদালত আজ রাষ্ট্রীয় জনতা দল-RJD র বিরুদ্ধে একাধিক চার্জ গঠন করেছে।

৪/ কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, SSC-র মাধ্যমে প্রতিবছর রেল ওয়ে প্রতিরক্ষা বাহিনী RPF-এর নিয়োগ শুরু হবে।

৫/ তামিলনাড়ুর কারুরে পদপিষ্ট হওয়ার ঘটনায় সুপ্রিম কোর্ট সিবিআই তদন্তের মির্দেশ দিয়েছে।

৬/ ইসরায়েল-হামাস যুদ্ধের প্রথম পর্যায়ের যুদ্ধবিরতি পরিকল্পনা অনুযায়ী, বন্দি বিনিময় প্রক্রিয়া শুরু হয়েছে।

**********************************************************************

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। সেই সঙ্গেই শুরু হবে ২০টি জেলার ১২২টি আসনে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ। ২০শে অক্টোবর পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। একুশে অক্টোবর সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ২৩ শে অক্টোবর। এই পর্বে ভোট নেওয়া হবে ১১ ই নভেম্বর। বেলা ১১ টা থেকে দুপুর তিনটে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। মনোনয়ন জমা দেওয়ার কেন্দ্রগুলিতে নির্বাচন কমিশন কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করেছে। ২৪৩ আসনের বিহার বিধানসভা নির্বাচনে ভোট গণনা ১৪ই নভেম্বর।

**********************************************************************

নির্বাচন কমিশন, সাতটি রাজ্যের আটটি বিধানসভা আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। এই আসনগুলি হল, জম্মু-কাশ্মীরের বদগাম ও নাগরোটা, রাজস্থানের আন্তা, ঝাড়খন্ডের ঘাটশিলা, তেলেঙ্গানার জুবিলি হিল্স, পাঞ্জাবের তরণতারণ, মিজোরামের ডাম্পা এবং ওড়িশার নওয়া পাড়া। জম্মু-কাশ্মীর এবং ওড়িশায় মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ বিশে অক্টোবর। ঝাড়খন্ড, মজোরাম, পাঞ্জাব, তেলেঙ্গানা এবং রাজস্থানে প্রার্থীপদ দাখিল করা যাবে ২১শে অক্টোবর পর্যন্ত। উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১১'ই নভেম্বর। সবক'টি আসনের'ই ফলাফল প্রকাশিত হবে ১৪'ই নভেম্বর।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে বিশ্বের অগ্রগতির চালিকাশক্তিতে পরিণত করতে ডিজিটাল উদ্ভাবন এবং দেশের যুবশক্তির ভূমিকাকে আজ তুলে ধরেছেন। কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী-র লেখা একটি প্রবন্ধ সামাজিক মাধ্যমে শেয়ার করে তিনি বলেন, উন্নত দেশগুলি ক্রমশ নিজেদের ভেতরে সীমাবদ্ধ হয়ে পড়ছে তখন কীভাবে ভারত সঠিক পরিমাপ, দক্ষতা ও আত্মনির্ভরতা-র মাধ্যমে এক ভিন্ন পথ তৈরি করছে এই প্রবন্ধ থেকেই তা পরিষ্কার হয়েছে। ভারতের উদ্ভাবনী শক্তি, প্রযুক্তি নির্ভর অগ্রগতি ও তরুণ প্রজন্মের অংশগ্রহণই আগামী দিনে দেশের অর্থনৈতিক গতি আরও ত্বরান্বিত করবে বলে প্রধানমন্ত্রী আরও আশা প্রকাশ করেছেন।

*****************************************************************************

IRCTC কেলেঙ্কারি মামলায়, দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত আজ রাষ্ট্রীয় জনতা দল-RJD র বিরুদ্ধে একাধিক ফৌজদারি চার্জ গঠন করেছে। RJD র লালু প্রসাদ যাদব, তাঁর স্ত্রী রাবড়ি দেবী ও তাঁর ছেলে তেজস্বী যাদব এই ঘটনায় মূল অভিযুক্ত। বিশেষ বিচারপতি বিশাল গোগ্নে এই নির্দেশ দিয়েছেন। আদালত তাঁদের বিরুদ্ধে দুর্নীতি, ফৌজদারি চক্রান্ত ও প্রতারণার অভিযোগ এনেছে। সিবিআই অভিযোগ করেছে, রেলমন্ত্রী থাকাকালীন লালু প্রসাদ যাদব ও তাঁর পরিবার কিছু জমি, এক বেসরকারি কোম্পানিকে ঘুষ হিসেবে দেয়। নির্দিষ্ট প্রক্রিয়ায় দরপত্রের আহ্বান না করেই, রাঁচি ও পুরীতে দুটি IRCTC হোটেলও সুজাতা হোটেল নামে এক কোম্পানিকে দিয়ে দেওয়া হয়।

যদিও, লালুপ্রসাদ যাদব ও তাঁর পরিবার এই অভিযোগ অস্বীকার করেছে।

*****************************************************************************

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, SSC-র মাধ্যমে, প্রতি বছর রেলওয়ে প্রতিরক্ষা বাহিনীর RPF র নিয়োগ শুরু হবে। গুজরাতের ভালসাড়ে রেলওয়ে প্রতিরক্ষা বাহিনীর ৪১ তম উদ্বোধন দিবসে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, এই বাহিনীকে খুব দ্রুত VHP প্রযুক্তির দ্বারা প্রশিক্ষিত করা হবে।

( বাইট- অশ্বিনী )

*******************************************************************************

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ বলেছেন, ভারত উৎপাদন ভিত্তিক অর্থনীতির মাধ্যমেই উন্নত দেশ হয়ে উঠবে। বিকশিত ভারত বিল্ডাথন ২০২৫ উদ্বোধন করে তিনি বলেন, বিংশ শতক হল জ্ঞানের শতক এবং ভারত জ্ঞানভিত্তিক বিশ্ব ও অর্থনীতিকে নেতৃত্ব দেবে। উন্নত দেশ হয়ে উঠতে গেলে স্বচ্ছ দৃষ্টিভঙ্গি, উন্নত প্রযুক্তি ও তথ্যপ্রযুক্তি নির্ভর সমাধানের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন শ্রী প্রধান। তিনি বলেন, বিল্ডাথনে অংশগ্রহণকারী সকল ছাত্রছাত্রী ভারতের ভবিষ্যতকে তুলে ধরবে। ৩ লক্ষেরও বেশি বিদ্যালয় ও ২৫ লক্ষেরও বেশি শিক্ষার্থী ও শিক্ষক ভার্চুয়ালি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। তিনি বলেন- ( বাইট- ধর্মেন্দ্র )

‘অটল উদ্ভাবনী প্রকল্প’ ও নীতি আয়োগের সহায়তায় কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক এই অনুষ্ঠানটির আয়োজন করে। ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে এই কর্মসূচী।

*******************************************************************************

তামিলনাড়ুর কারুরে পদপিষ্ট হওয়ার ঘটনায় সুপ্রিম কোর্ট সিবিআই তদন্তের মির্দেশ দিয়েছে। তামিলাগা ভেত্রি কাঝাগাম-TVK’র রাজনৈতিক সভা চলাকালীন গত ২৭ শে সেপ্টেম্বর ভিড়ের চাপে পদপিষ্ট হয়ে কমপক্ষে ৪১ জনের মৃত্যু হয়।

তামিল অভিনেতা বিজয়ের নেতৃত্বাধীন TVK, এই ঘটনায় মাদ্রাজ হাইকোর্টের দেওয়া সিট-এর তদন্তের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল। বিচারপতি JK মাহেশ্বরী এবং বিচারপতি ANV আঞ্জারিয়ার বেঞ্চ এই ঘটনায় শীর্ষ আদালতের প্রাক্তন বিচারপতি অজয় রাস্তোগীর নজরদারিতে তিন সদস্যের কমিটি গঠন করার নির্দেশ দিয়েছেন। আদালত আরো জানিয়েছে, IPS আধিকারিক, যারা তামিলনাড়ু ক্যাডারের হলেও ওই রাজ্যে কর্মরত নন, এমন দুজনকে ওই প্যানেলের অন্তর্ভুক্ত করা যেতে পারে। তবে এরা কেউই IG পদমর্যাদার নীচের হবেন না এবং বিচারপতি রাস্তোগী’ই তাঁদের বেছে নেবেন।

*******************************************************************************

অস্ট্রেলিয়ায় আজ ভারতের সেনাবাহিনীর ১২০ টি দল চতুর্থ সংস্করণের এক্সারসাইজ ‘অস্ট্রাহিন্দ ২০২৫’-এ অস্ট্রেলিয়ার সেনাবাহিনীর সঙ্গে যৌথ মহড়ায় অংশগ্রহণ করেছে। ক্যানবেরায় ভারতের হাইকমিশনার বলেছেন, এই মহড়া উভয় দেশের প্রতিরক্ষা সহযোগিতাকে দৃঢ় করবে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ ও সেদেশের প্রতিরক্ষা মন্ত্রী রিচার্ড মার্লেসের সঙ্গে এবিষয়ে দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় দেশ’ই প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নিজেদের অবস্থানকে দৃঢ় করতে এই মহড়ার প্রদর্শনী করছে।

*************************************************************************

ইসরায়েল-হামাস যুদ্ধের প্রথম পর্যায়ের যুদ্ধবিরতি পরিকল্পনা অনুযায়ী গাজা থেকে জীবিত ইসরায়েলি বন্দিদের মুক্তি দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। আজ হামাস সাতজন জীবিত বন্দিকে রেড ক্রস-এর হাতে তুলে দিয়েছে। চুক্তি অনুযায়ী মোট ২০ জন জীবিত ইজরায়েলি বন্দিকে মুক্ত করা হবে, বিনিময়ে ইজরায়েল ছেড়ে দেবে এক হাজার ৯০০'রও বেশি ফিলিস্তিনি বন্দিকে। মুক্ত বন্দিদের রেড ক্রসের মাধ্যমে ইজরায়েলি সেনাবাহিনীর হাতে হস্তান্তর করা হবে।

এদিকে আজ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তেল আভিবে পৌঁছেছেন। হোয়াইট হাউস সূত্রে জানানো হয়েছে, ট্রাম্প ইজরায়েলী বন্দিদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করবেন এবং ইজরায়েলী সংসদ কনেসেটে বক্তব্য রাখবেন।

*************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রের সাউথ ক্যারোলিনা-র সেন্ট হেলেনা আইল্যান্ডে এক জনাকীর্ণ বারে গুলি চালনার ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে। আহত অন্তত ২০ জন।
এর আগেও চলতি মাসের শুরুতে সাউথ ক্যারোলিনা স্টেট ইউনিভার্সিটি-তে দুটি পৃথক গুলি চালনার ঘটনায় এক জনের মৃত্যু ও আরও এক জন আহত হন। ধারাবাহিক এই ঘটনায় গোটা যুক্তরাষ্ট্র জুড়ে উদ্বেগ ছড়িয়েছে।

*************************************************************************

বিন্ধ্য ও বুন্দেলখন্ড অঞ্চলে নলবাহিত জল প্রতিটি বাড়িতে পৌঁছে দেওয়া সুনিশ্চিত করতে উত্তর প্রদেশ সরকার চলতি বছরের ১৫ই ডিসেম্বর পর্যন্ত সময়সীমা ধার্য করেছে। রাজ্যে এপর্যন্ত ৮৫ হাজার ৩৬৪ টি গ্রামে ১ কোটি ৯৮ লক্ষ বাড়িতে নলবাহিত জলের সংযোগ দেওয়া হয়েছে। রাজ্যে জল জীবন মিশন- 'হর ঘর নলযোজনার কাজের পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন, নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত নল বাহিত জলের সংযোগ সুনিশ্চিত করার পাশাপাশি সম্পূর্ণ কাজের গুণগতমান ও স্বচ্ছতা বজায় রাখতে থার্ড পার্টি অডিট অবশ্যই করতে হবে।

*************************************************************************